

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৪১৩

৩৩/ শান্তির বিধান (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩২. অসুস্থ ব্যক্তির উপর হুদ লাগানো সম্পর্কে।

باب فِي إِقَامَةِ الْحَدِّ عَلَى الْمَرِيضِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الْهَمْدَانِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، عَنْ ابْنِ شِهَابٍ، قَالَ أَخْبَرَنِي أَبُو أُمَامَةَ بْنُ سَهْلٍ بْنُ حَنِيفٍ، أَنَّهُ أَخْبَرَهُ بَعْضُ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْأَنْصَارِ أَنَّهُ اشْتَكَى رَجُلٌ مِنْهُمْ حَتَّى أُضْنِيَ فَعَادَ جِلْدَهُ عَلَى عَظْمٍ فَدَخَلَتْ عَلَيْهِ جَارِيَةٌ لِبَعْضِهِمْ فَهَشَّ لَهَا فَوَقَعَ عَلَيْهَا فَلَمَّا دَخَلَ عَلَيْهِ رِجَالُ قَوْمِهِ يَعُودُونَهُ أَخْبَرَهُمْ بِذَلِكَ وَقَالَ اسْتَفْتُوا لِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنِّي قَدْ وَقَعْتُ عَلَى جَارِيَةٍ دَخَلَتْ عَلَى . فَذَكَرُوا ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالُوا مَا رَأَيْنَا بِأَحَدٍ مِنَ النَّاسِ مِنَ الضَّرِّ مِثْلَ الَّذِي هُوَ بِهِ لَوْ حَمَلْنَاهُ إِلَيْكَ لَتَفْسَخْتَ عِظَامَهُ مَا هُوَ إِلَّا جِلْدٌ عَلَى عَظْمٍ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَأْخُذُوا لَهُ مِائَةَ شِمْرَاخٍ فَيَضْرِبُوهُ بِهَا ضَرْبَةً وَاحِدَةً .

বাংলা

৪৪১৩. আহমদ ইবন সাঈদ (রহঃ) সাহল ইবন হুনাযফ (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জনৈক আনসার সাহাবী থেকে বর্ণনা করেছেন যে, আমাদের এক ব্যক্তি অসুস্থতা হেতু অস্থি-চর্মসার হয়ে পড়ে। এ সময় তার কাছে একজন দাসী গেলে, সে উত্তেজিত হয় এবং তার সাথে যিনা করে। এরপর লোকেরা যখন সেবার জন্য তার কাছে উপস্থিত হয়, তখন সে তাদের সে কুকর্ম সম্পর্কে অবহিত করে। সে বলেঃ তোমরা আমার ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করবে। আমি তো একজন দাসীর সাথে যিনা করেছি, যে আমার কাছে এসেছে। তারা ব্যাপারটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পেশ করার পর বলেঃ আমরা আজ পর্যন্ত এ ধরনের কোন জীর্ণকায় রোগগ্রস্ত ব্যক্তিকে দেখিনি। যদি আমরা তাকে আপনার কাছে নিয়ে আসি, তবে নিশ্চয়ই তার অস্থি চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে। কেননা, তার দেহটা কেবলমাত্র অস্থি-চর্মসার। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা গাছ থেকে একশো ছোট ডাল সংগ্রহ করে আনো এবং তা দিয়ে তাকে একবার আঘাত কর।

English

Narrated Abu Umamah b. Sahl Hunaif:

AbuUmamah ibn Sahl ibn Hunayf said that some companions of the Messenger of Allah (ﷺ) told that one of their men suffered so much from some illness that he pined away until he was skin and bone (i.e. only a skeleton). A slave-girl of someone visited him, and he was cheered by her and had unlawful intercourse with her. When his people came to visit the patient, he told them about it.

He said: Ask the Messenger of Allah (ﷺ) about the legal verdict for me, for I have had unlawful intercourse with a slave-girl who visited me.

So they mentioned it to the Messenger of Allah (ﷺ) saying: We have never seen anyone (so weak) from illness as he is. If we bring him to you, his bones will disintegrate. He is only skin and bone. So the Messenger of Allah (ﷺ) commanded them to take one hundred twigs and strike him once.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাহল ইবনু হুনাইফ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36519>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন